# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 08-02-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) নদীয়ার কল্যাণী থানার রথতলায় গতকাল এক বাজি কারখানায় ভয়াবহ বিষ্ফোরণে চার মহিলার মৃত্যুর ঘটনায় কারখানার মালিককে পুলিশ গ্রেপ্তার করেছে।

রাজ্য সরকারের রিপোর্ট তলবের পাশাপাশি জেলাশাসককে আলাদা করে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

২ লক্ষ টাকা করে আর্থিক ক্ষতিপূরণের আশ্বাস দিয়েছে রাজ্য সরকার।

২) আগামী সোমবার থেকে শুরু হতে চলা এবছরের মাধ্যমিক পরীক্ষায় বসছে প্রায় ১০ লক্ষ পরীক্ষার্থী।

৩) গরু পাচার মামলায় ফের অনুব্রত মণ্ডলের কয়েককোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি।

৪) সরকারের সঙ্গে সংশ্লিষ্ট পক্ষের ইতিবাচক বৈঠকের পর পরিচালকদের ডাকা সাময়িক কর্মবিরতির প্রত্যাহার করে নেওয়া হয়েছে। আজ থেকে টালিগঞ্জ স্টুডিও পাড়ায় পুরোপুর শুটিং শুরু হবে।

৫) ISL ফুটবলে আজ ইস্টবেঙ্গল, চেন্নাইয়ান FC-র এবং মহামেডান স্পোর্টিং হায়দ্রাবাদ FC-র বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooooo

নদীয়ার কল্যাণী থানার রথতলায় গতকাল এক বাজি কারখানায় ভয়াবহ বিষ্ফোরণে চার মহিলার মৃত্যু হয়েছে। গুরুতর আহত অবস্থায় এক মহিলা কল্যাণী জওহরলাল নেহেরু হাসপাতালে ভর্তি। বিষ্ফোরণের তীব্রতায় কারখানাটি পুরোপুরি ধসে যায়।

জানা গেছে, আতশবাজি তৈরীর সময় শর্টসার্কিট থেকে কোনোভাবে আগুন লেগে যাওয়ায় এই বিষ্ফোরণ। মৃত্যু হয় দুর্গা সাহা, বাসন্তী চৌধুরী, অঞ্জলি বিশ্বাস ও রুমা সোনার নামে চারজনের। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট – অনুপম)

নদীয়ার ডিভিশনাল ফায়ার অফিসার সুব্রত গুহ জানান, এই বাজি কারখানায় কোন বৈধ লাইসেন্স ছিল না। কারখানার **মালিক সাধন ওরফে খোকন বিশ্বাস**কে **পুলিশ গ্রেপ্তার** করেছে।

রানাঘাট পুলিশ জেলার সুপার কুমার সানিরাজ জানিয়েছেন, আদালতে পেশ করে তাকে পুলিশী হেফাজতে নেওয়ার আবেদন করা হবে।

এদিকে, এই ঘটনায় রাজ্য সরকার **রিপোর্ট তলব** করেছে। কোথায় বাজি বিক্রি, উৎপাদন ও মজুত করা হচ্ছে, তার পাশাপাশি পরিবেশ বান্ধব বাজি তৈরীর জন্য প্রশিক্ষণের কাজ কত দূর এগিয়েছে, তা' জানতে চেয়ে সব জেলাশাসকদের রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। একইসঙ্গে এই ঘটনায় জেলাশাসককে আলাদা করে তদন্ত রিপোর্ট জমা দিতে হবে। বিস্ফোরণের ঘটনায় মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ারও কথা জানিয়েছে রাজ্য সরকার।

এই ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর। তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, পরিস্থিতি সামাল দিতে পুলিশ প্রশাসন তৎপর।

( বাইট- কুণাল )

বেআইনি বাজি কারখানা বন্ধ করতে অনিচ্ছুক মুখ্যমন্ত্রী গোটা রাজ্যকে মৃত্যুপুরীতে পরিণত করেছেন বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ **সেলিম** অভিযোগ করেন।

( বাইট- সেলিম )

রানাঘাটের সাংসদ বিজেপি নেতা জগন্নাথ সরকার বলেছেন, রাজ্যে কাজের সুযোগ না থাকায় ন্যূনতম বেতনে শ্রমিকদের জীবনের ঝুঁকি নিয়ে এধরনের কাজ করতে হচ্ছে।

(বাইট – জগন্নাথ)

অ্যাদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের অভিযোগ এই ঘটনার জন্য পুলিশ, প্রশানই একমাত্র দায়ী।

(বাইট – শুভঙ্কর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামী সোমবার শুরু হচ্ছে। গতকাল এক সর্বদলীয় বৈঠকের পর অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানান, আসন্ন বিধানসভা অধিবেশনে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং- এর প্রতি শ্রদ্ধা জানাতে একটি প্রস্তাব আনা হবে। আগামী মঙ্গলবার ( ১১ই ফেব্রুয়ারি) এই প্রস্তাব নিয়ে হবে আলোচনা। ১২ তারিখ, অর্থাৎ বুধবার পেশ করা হবে রাজ্য বাজেট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী সোমবার ১০'ই ফেব্রুয়ারী থেকে রাজ্যে শুরু হতে চলা এই বছরের মাধ্যমিক পরীক্ষায় দুই হাজার ৬৮৩টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৮৪ হাজার ৭৫৩ জন বসছে। এর মধ্যে ৫ লক্ষ ৫৫ হাজার ৯৫০ জন ছাত্রী। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, প্রশ্ন ফাঁস ও টোকাটুকি রুখতে বেশ কিছু জেলায় বিশেষ নজর দেওয়া হবে। টয়লেটেও চলবে আলাদা করে নজরদারি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী আসন্ন পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করবেন।

আগামী ১০-ই ফেব্রুয়ারী সোমবার সকাল ১১-টা থেকে গীতাঞ্জলী, সঞ্চয়িতা এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে একযোগে এই অনুষ্ঠান শোনা যাবে। অনুষ্ঠানটির বাংলা অনুবাদ প্রচারিত হবে ঐ দিনই রাত সাড়ে ৯ টায় আকাশবানী কলকাতার গীতাঞ্জলী এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে। কলকাতা থেকে প্রচারিত এই অনুষ্ঠান, বিভিন্ন রিলে কেন্দ্র থেকে সম্প্রচার করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গরু পাচার মামলায় ফের অনুব্রত মণ্ডলের কয়েককোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল ইডি। কেন্দ্রীয় ওই তদন্তকারী সংস্থা এক বিবৃতিতে জানিয়েছে, অনুব্রত, তাঁর পরিবার, সহযোগী সংস্থাগুলির নামে থাকা ৩৬টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করা হয়েছে। ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলিতে মোট জমা অর্থের পরিমাণ ২৫ কোটি ৮৬ লক্ষ টাকা। ২০০২ এর PMLA আইনের আওতায় এই পদক্ষেপ। ইডি জানিয়েছে, গরু পাচারের টাকা অনুব্রতের বিভিন্ন ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা পড়ত। একই সঙ্গে অনুব্রতের সব স্থাবর-অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করার কাজ চলছে। অতীতেও অনুব্রতের সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি। গরু পাচার মামলায় এখনও পর্যন্ত ৫১ কোটি ১৩ লক্ষ টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে বলে তদন্তকারী সংস্থা জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পরিচালকদের ডাকা সাময়িক কর্মবিরতির পর আজ থেকে টালিগঞ্জ স্টুডিও পাড়ায় পুরোপুর শুটিং শুরু হবে। গতকাল ডিরেক্টরস গিল্ড, ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ানস অ্যান্ড ওয়ার্কার্স অফ ইস্টার্ন ইন্ডিয়া ও রাজ্য সরকারের সঙ্গে এক ত্রিপাক্ষিক বৈঠকে দুই সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে মন্ত্রী অরূপ বিশ্বাস ও ইন্দ্রনীল সেন স্টুডিও পাড়ায় উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা করেন।

কলাকুশলীদের সংগঠনের তরফে যুগ্ম সম্পাদক সুজিত কুমার হাজরা আকাশবানীকে জানান, যৌথ কাজের ক্ষেত্রে নানা রকম পরিস্থিতি তৈরি হতে পারে। আত্মসম্মান বজায় রেখে আলোচনার মাধ্যমে তা মিটিয়ে ফেলার চেষ্টা সর্বদাই থাকে।

(বাইট - সুজিত কুমার হাজরা)

উল্লেখ্য, পরিচালক শ্রীজিৎ রায় সম্প্রতি সমাজ মাধ্যমে এক পোস্টে জানান, দুর্ব্যবহারের অভিযোগ তুলে চলতি সপ্তাহে দাসানী স্টুডিওতে তাঁর নতুন সিরিয়ালের সেট

তৈরির কাজ বন্ধ করে দেওয়া হয়। এরপরই পরিচালকদের সংগঠন সৃজিতের পাশে দাঁড়ায় এবং কর্মবিরতি ঘোষণা করে। গত কালকের আলোচনায় ডিরেক্টরস গিল্ডের পক্ষে উপস্থিত ছিলেন পরিচালক সুদেষ্ণা রায়। তিনি জানান, দুপক্ষের মধ্যে সমস্যা মিটেছে। পরিচালক শ্রীজিৎ বলেন, আগামী এক মাসের মধ্যেই স্টুডিও পাড়ার মূল সমস্যাগুলির সমাধান করা হবে বলে মন্ত্রী ইন্দ্রনীল বিশ্বাস সব পক্ষকে আশ্বাস দেওয়ায় পরিচালকেরা তাঁদের কর্ম বিরতি প্রত্যাহার করে নিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলীর ডানকুনিতে গত সন্ধ্যায় দুষ্কৃতীদের গুলিতে বান্টি সাউ নামে এক যুবকের মৃত্যু হয়েছে। বাইকে করে বাড়ি ফেরার সময় দুষ্কৃতীরা খুব কাছ থেকে তাকে লক্ষ্য করে গুলি ছোঁড়ে। বুকের বাঁদিকে লাগে গুলি। রক্তাক্ত শ্রীরামপুর ওয়ালশ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষনা করেন। কি কারণে এই হত্যা তা এখনো জানা যায়নি। পুলিশ দুষ্কৃতীদের খোঁজে তল্লাশি চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মেসঘর থেকে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এক মেধাবী ছাত্রীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছে। বীরভূমের সাঁইথিয়ার বাসিন্দা বছর ২৩-এর শুভেচ্ছা ঘোষ MA ইংরাজী বিভাগের তৃতীয় সেমিস্টারের পড়ুয়া। পড়াশোনার জন্য মেঘনাদ সাহা পল্লীতে একটি মেসে ভাড়া থাকতেন তিনি। গতকাল ফোনে যোগাযোগ করতে না পেরে পরিবারের লোকজন মেস মালিককে খবর দেন। সাড়া না পেয়ে দরজা ভেঙে উদ্ধার হয় শুভেচ্ছার ঝুলন্ত দেহ।

পরিবারের দাবী, ছোটবেলা থেকে পড়াশোনায় ভালো ফল করেছে শুভেচ্ছা। বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সেমিস্টারে প্রথম না হতে পারায় মানসিক অবসাদে সে আত্মঘাতী হয়েছে। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সপ্তাহান্তে কলকাতা সহ দক্ষিনবঙ্গে ঠান্ডার আমেজ সামান্য অনুভূত হলেও তা বেশিদিন স্থায়ী হবে না বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী মঙ্গলবার থেকে তাপমাত্রা ফের বাড়বে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানান আকাশ প্রধানত পরিষ্কার থাকবে।

(বাইট- হাবিবুর)

কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ১ দমিক ৩ ডিগ্রী কম

oooooooooooooooooooooo

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দক্ষিণ শাখায় বাশুলডাঙা স্টেশনে ফুট ওভারব্রিজ সংক্রান্ত কাজের জন্য আজ রাত ১০ টা ১৫ মিনিট থেকে পরদিন রবিবার সকাল ৮ টা পর্যন্ত মোট পৌনে ১০ ঘন্টা ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর জেরে আজ শিয়ালদা-ডায়মন্ড হারবারের মধ্যে ওই সময়কালে আপ ও ডাউনে পাঁচটি করে ট্রেন বাতিল থাকছে। ডায়মন্ড হারবার থেকে সোনারপুর এবং বারুইপুর - এই দুটি লাইনে একটি করে ট্রেন বাতিল থাকছে। কিছু ট্রেনের যাত্রাপথ'ও সংক্ষিপ্ত করা হয়েছে।

oooooooooooooooooooooo

বাংলার দুই ক্লাব ইস্টবেঙ্গল ও মহামেডান স্পোর্টিং আজ একই দিনে আইএসএল ফুটবলে মাঠে নামছে। ইস্টবেঙ্গল, চেন্নাইয়িন এফসির বিরুদ্ধে খেলবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এর আগে বিকেলে মহামেডান স্পোর্টিং হায়দ্রাবাদ এফসির বিরুদ্ধে খেলবে। হায়দ্রাবাদের গাছিবউলি স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

oooooooooooooooooooooo